"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাজেট ও অডিট অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	-	জনাব মুহাম্মদ ওয়াহিদুজ্জামান এনডিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার
স্থান	-	মন্ত্রণালয়ের সভা কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
তারিখ ও সময়	-	০১.০৯.২০২২, সকাল- ৯.০০ টা

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সর্কলকে স্বাগ
ত জানিয়ে সভা শুরু করেন৷ সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য মোসা: ফেরদৌসী বেগম, যুগ্মসচিব (বাজেট ও অডিট) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা কে অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত কার্যপত্র অনুযায়ী নিম্নলিখিত বিষয়াদির উপর সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
আলোচ্যসূচী-১: ২০২১-২২ অর্থবছরের দপ্তর/সংস্থার এপিএ মূল্যায়ন।	১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ এর প্রাথমিক মূল্যায়ন করা হয়েছে। তিনি আরও বলেন যে এপিএ এর অন্তর্ভুক্ত সুশাসনমূলক ৫ টি কার্যক্রমের (শুদ্ধাচার কৌশল, ইনোভেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার) মূল্যায়ন আলাদা আলাদা ভাবে করে চূড়ান্ত মূল্যায়ন করা হবে। তিনি বলেন যে, এপিএ এর প্রাথমিক মূল্যায়নে দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রমাণকে কিছু ঘাটতি রয়েছে।	১। সুশাসনমূলক ৫ টি কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ পৃথকভাবে মূল্যায়ন করে প্রাপ্ত নম্বর এপিএ ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করবে।	১। সুশাসনমূলক ৫ টি কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
	সভাপতি যে সকল দপ্তর/সংস্থার প্রমাণকে ঘাটতি রয়েছে তাদের ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পুনরায় যথাযথ প্রমাণক পাঠানোর নির্দেশনা প্রদান করেন। সেই সাথে সুশাসনমূলক ৫ টি কার্যক্রমের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ২০২১-২২ অর্থবছরের মূল্যায়ন আলাদা আলাদা ভাবে করে প্রাপ্ত নম্বর এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি এপিএ এর সকল প্রমাণক এপিএএমএস সফটওয়্যারে নির্ধারিত সময়ে দাখিল করার নির্দেশনা প্রদান করেন।	২। ২০২১-২২ অর্থবছরের দপ্তর/সংস্থার এপিএ মূল্যায়ন দ্রুত শেষ করে ফলাফল প্রকাশ করতে হবে। ৩। এপিএ এর সকল প্রমাণক এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে।	২। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা। ৩। দপ্তর/সংস্থার এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
আলোচ্যসূচী-২: ২০২২-২৩ অর্থবছরের এপিএ বাস্তবায়ন কৌশল।	এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বছরের শুরু থেকেই যথাযথ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। চলতি বছরের এপিএ অনুযায়ী সমসাময়িক বিষয়ে মোট ০৬ (ছয়) টি লার্নিং সেশন আয়োজন করতে হবে।	১। এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য লার্নিং সেশন ও কর্মশালা দ্রুত	এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল ও ইনোভেশন কর্মপরিকল্পনা ফোকাল পয়েন্ট

	যুগ্মসচিব (প্রশাসন) ও জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। প্রোগ্রামার ও ইনোভেশন কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট সভায় জানান যে ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী চতুর্থ শিল্প বিপ্লব এর উপর কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য কর্মশালা এবং চতুর্থ শিল্প বিপ্লব এর উপর কর্মশালা আয়োজনের জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টদের নির্দেশনা প্রদান করেন।	আয়োজন করতে হবে।	কর্মকর্তা।
আলোচ্যসূচী-৩: এপিএ কার্যক্রম অনুযায়ী পরিদর্শন/ই-মনিটরিং	এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এ বছরের এপিএ তে পরিদর্শনের সংখ্যা বেশি। প্রতি বছর মন্ত্রণালয়ের প্রথম শ্রেণীর সকল কর্মকর্তাদের মধ্যে পরিদর্শনের জন্য জেলা ভাগ করে দেয়া হয়। এ সংক্রান্ত অফিস আদেশটি দ্রুত করা হলে কর্মকর্তাবৃন্দ লক্ষ্যমাত্রা অনুযায়ী সরেজমিনে/ই-পরিদর্শন শেষ করতে পারবেন। সভাপতি এ বিষয়ে প্রশাসন অধিশাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।	১। সরেজমিনে/ই-পরিদর্শন পরিদর্শন করার জন্য কর্মকর্তাদের জেলা ভাগ করে অফিস আদেশ জারি করতে হবে।	১। প্রশাসন অধিশাখা।

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

স্বা:
০৫.০৯.২০২২
(মুহাম্মদ ওয়াহিদুজ্জামান এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
এবং এপিএ টিম লিডার।

নং- ৩২.০০.০০০০.০২২.১৬.০১১.২২-৩৬৭ তারিখঃ ০৬/০৯/২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। উপসচিব (পরিকল্পনা-১/প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সিনিয়র সহকারী সচিব (প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণাল য়, ঢাকা।
০৬। লাইব্রেরিয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৬/৯/২২
মোসা: ফেরদৌসী বেগম
যুগ্মসচিব
ফোন-৯৫১৫২২৬